গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
সংসদ ও সমন্বয় শাখা
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.০১৬.০৯.০০৭.১৭.২৫ তারিখঃ ১৭/০১/২০১৮খ্রিঃ।

বিষয়ঃ ডিসেম্বর, ২০১৭ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ডিসেম্বর, ২০১৭ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী এতদ্‌সংগে প্রেরণ করা হ'ল। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি **আগামী ৫ ফেব্রুয়ারি, ২০১৮** তারিখের মধ্যে সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্তিঃ বর্ণনামতে।

Rahman
১৭/১/১৮
(রুমানা রহমান শম্পা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ-৯৩৪৯২৩০
dsparliament@probashi.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ/অভিবাসী কল্যাণ অনুবিভাগ) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
০৩। মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
০৫। ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
০৬। যুগ্মসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
০৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
০৮। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
০৯। উপসচিব (সকল)/উপপ্রধান, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১০। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১২। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
১৩। জনসংযোগ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রাণালয়, ঢাকা।
১৪। অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
সংসদ ও সমন্বয় শাখা

ডিসেম্বর, ২০১৭ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

চেয়ারপার্সন	:	ড. নমিতা হালদার এনডিসি ভারপ্রাপ্ত সচিব প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
সভার তারিখ ও সময়	:	০৯.০১.২০১৮ বেলা ১০.৩০ ঘটিকা।
সভার স্থান	:	মন্ত্রণালয়ের সভা কক্ষ।
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

চেয়ারপার্সন উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় গত ১০.১২.২০১৭ তারিখ বেলা ১০.৩০ ঘটিকায় অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভা, নভেম্বর ২০১৭ এর কার্যবিবরণী পাঠ করা হয়। কোনো সংশোধনী না থাকায় নভেম্বর, ২০১৭ মাসের কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর কার্যপত্র অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়সমূহ বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচনা ও সিদ্ধান্ত:

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
১.১ইনোভেশন কমিটির কার্যক্রম	ক) অভিযোগ নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে।	ক) ২০১৭-১৮ অর্থবছরের ১ম ৬ মাসে এ মন্ত্রণালয়ের অভিযোগ নিষ্পত্তির হার ৭৬%। বিএমইটি: অভিযোগ নিষ্পত্তির হার বৃদ্ধির জন্য বিএমইটিতে গণশুনানীর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। শাখায় প্রাপ্ত অভিযোগগুলো প্রযোজ্যতা অনুযায়ী পরামর্শ বা উপযুক্ত সমাধান দিয়ে দ্রুত নিষ্পত্তি করা হচ্ছে। এতে কিছু কিছু ক্ষেত্রে তাৎক্ষণিকভাবে অভিযোগ নিষ্পত্তি করা সম্ভব হচ্ছে। রি/এজেন্সীর বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগগুলো তদন্ত টাইম বাউন্ড করে দেয়া হয়েছে এবং এতে নিষ্পত্তির হার বৃদ্ধি পাচ্ছে।	ক) নির্ধারিত সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তি করতে হবে।	ক) অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (এনফো: ও মনি:), কর্মসংস্থান অধিশাখা ও দপ্তর/সংস্থা (সকল)
	খ) মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার ইনোভেশন কমিটির তদারকি জোরদার রাখতে হবে।	খ) নির্ধারিত সময়ের মধ্যে কর্মপরিকল্পনা অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ইনোভেশন কমিটির তদারকি অব্যাহত আছে।	খ) ২০১৭-১৮ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনার অগ্রগতির হার সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	খ) ইনোভেশন টীম, মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা (সকল)
	গ) অনলাইনে ভিসা চেকিং অ্যাপসের বিষয়ে প্রচার বাড়াতে হবে।	গ) মোবাইল ফোনের মাধ্যমে অনলাইনে ভিসা চেকিং এ্যাপসটির প্রচার তৃণমূল পর্যায়ে পৌঁছে দেয়ার জন্য ডিইএমও ও টিটিসিসমূহের মাধ্যমে এর জোর প্রচারণা চালানো হচ্ছে । ডিইএমও হতেও এর ব্যবহার বিধি প্রর্দশন করা হচ্ছে। সদর দপ্তর ও অধীনস্থ দপ্তর কর্তৃক প্রচারিত লিফলেট ব্রসিয়ার, বুকলেট ইত্যাদিতেও এ বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে। বিএমইটি'র ফেইসবুকে এবং অনলাইন ভিসা যাচাইয়ে এ্যাপসটির ব্যবহার বিধি এবং গুগল প্লে স্টোরে এর অবস্থান সম্পর্কে ফিচার প্রচার করা হচ্ছে।	গ) মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার অভিবাসন সংক্রান্ত কার্যক্রম ইলেকট্রনিক মিডিয়ায় পাক্ষিকভাবে প্রচারের লক্ষ্যে তথ্য মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করতে হবে।	গ) প্রশাসন অনুবিভাগ ও জন সংযোগ কর্মকর্তা (প্রকবৈকম)

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
২.১ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি	১। জরুরী ভিত্তিতে কর্মসংস্থান অনুবিভাগে ইন্টারনেটের সংযোগ নিশ্চিতকরণ ও গতি বৃদ্ধি করতে হবে।	১। ইতোমধ্যে এ মন্ত্রণালয়ের যেসকল শাখার ইন্টারনেট সংযোগ দূর্বল তা চিহ্নিতকরণপূর্বক ব্যবস্থা গ্রহণের জন্য কল্যাণবোর্ডকে আইসিটি সেল হতে পত্র দেয়া হয়েছে। মালয়েশিয়ার সাথে জি টু জি প্লাস প্রক্রিয়ায় কর্মী প্রেরণ কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত যোগাযোগের লক্ষ্যে কর্মসংস্থান অধিশাখাস্থ সকল শাখার ইন্টারনেট সংযোগ শক্তিশালী করতে হবে। **ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড** ইতোমধ্যে কর্মসংস্থান অনুবিভাগে ইন্টারনেট সংযোগ দেয়া হয়েছে এবং গতি ৭০ mbps বৃদ্ধি করা হয়েছে।	১। দ্রুততম সময়ের মধ্যে মন্ত্রণালয়ের সকল শাখায় ইন্টারনেট প্রবাহের গতি বৃদ্ধি করতে হবে।	১। মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড ও সহকারী প্রোগ্রামার, মন্ত্রণালয়
	২। নিয়মিত ই-নথি কার্যক্রম পরিচালনা করতে হবে।	২। মন্ত্রলাণয়ের ই-নথি কার্যক্রমের গতি আরও বৃদ্ধি করতে হবে। গত ৬ মাসে এ মন্ত্রণালয়ে ই-নথির অগ্রগতি ৮৭%।	২।শাখাভিত্তিক লক্ষ্যমাত্রা অনুযায়ী ই-নথি কার্যক্রম নিষ্পন্ন করতে হবে।	২। সকল কর্মকর্তা (মন্ত্রণালয়)
	৩। সেবা গ্রহীতাদের কাছ থেকে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি নিশ্চিত করতে হবে।	৩। সেবাগ্রহীতাদের কাছ থেকে প্রাপ্ত অভিযোগগুলো নিষ্পত্তি নিশ্চিত করা হচ্ছে।	৩। বিএমইটির বহির্গমন শাখায় প্রাপ্ত অভিযোগ সংখ্যা ও নিষ্পত্তির সংখ্যা উল্লেখপূর্বক প্রতিবেদন সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	৩। মহাপরিচালক বিএমইটি
	৪। APA ও NIS সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	৪। ২০১৭-১৮ অর্থবছরের জুলাই- ডিসেম্বর পর্যন্ত ৬ মাসের অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ের সকল শাখা ও দপ্তর/সংস্থা থেকে ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট প্রেরণ করা হয়েছে। কিছু কর্ম সম্পাদন সূচকের অগ্রগতি বৃদ্ধির জন্য কর্ম তৎপরতা আরো জোরদার করতে হবে।	৪। নির্ধারিত সময়ের মধ্যে APA ও NIS সংক্রান্ত সকল কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।	৪। সকল কর্মকর্তা (মন্ত্রণালয়) ও দপ্তর/সংস্থা
২.২ ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা	১। বীমা সংক্রান্ত নীতিমালা বাস্তবায়নে তৎপর থাকতে হবে।	১। গত ০৮/০১/২০১৮ তারিখ IDRA তে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় বীমা সংক্রান্ত একটি কমিটি গঠন করা হয়েছে।	১। বীমা সংক্রান্ত নীতিমালা বাস্তবায়নে তৎপর থাকতে হবে।	১। মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড ও উপসচিব (কল্যাণ অধিশাখা)
	২। অভিবাসনে পিছিয়ে পড়া জেলাগুলোতে দক্ষতা উন্নয়ন কার্যক্রম বৃদ্ধি করতে হবে।	২। অভিবাসনে পিছিয়ে পড়া জেলাগুলোতে দক্ষতা উন্নয়ন কার্যক্রম বৃদ্ধির লক্ষ্যে এতিম ও দুস্থ তরুণ/তরুণীদের প্রশিক্ষণে ভর্তিপূর্বক প্রশিক্ষণার্থীদের বিস্তারিত তথ্য নির্দিষ্ট ছক পূরণপূর্বক বিএমইটিকে অবহিত করার জন্য ইতোমধ্যে টিটিসির অধ্যক্ষগণকে পত্র দেয়া হয়েছে। • অভিবাসনে পিছিয়ে পড়া জেলা/উপজেলায় টিটিসি চালুর জন্য প্রকল্প গ্রহণ করা হচ্ছে। তাছাড়া গত ১৭ ডিসেম্বর ২০১৭ হতে বিএমইটিতে জাপানিজ ভাষা প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণকারী ২২ জনকে পিছিয়ে পড়া জেলা থেকে নির্বাচন করা হয়েছে।	২। অভিবাসনে পিছিয়ে পড়া জেলাগুলোকে দক্ষতা উন্নয়ন কার্যক্রমে অগ্রাধিকার দিতে হবে।	২। মহাপরিচালক, বিএমইটি

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
	৩। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।	৩। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে মনিটরিং কার্যক্রম জোরদার করা হয়েছে এবং নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন সম্পন্নের জন্য প্রকল্প পরিচালকদের নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রকল্পের অগ্রগতির বিষয়টি বিএমইটি'র মাসিক সমন্বয় সভায় জবাবদিহিতার আওতায় আনা হয়েছে।	৩। প্রকল্প বাস্তবায়নে চ্যালেঞ্জসমূহ চিহ্নিত করে যথাযথ ব্যবস্থা নিতে হবে।	৩। যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা) এবং মহাপরিচালক, (বিএমইটি)
২.৩. মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন মনিটরিং	১। সৌদি আরবে স্কুল স্থাপনের বিষয়ে সর্বশেষ অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	সৌদি আরবে অন্যান্য দেশের স্কুল স্থাপন প্রক্রিয়া সম্পর্কে তথ্য সংগ্রহের জন্য সৌদি আরবস্থ বাংলাদেশ দূতাবাস ও পররাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র দেয়া হয়েছে। সে প্রেক্ষিতে সৌদি আরবস্থ বাংলাদেশ দূতাবাস থেকে পত্র মারফত এ মন্ত্রণালয় থেকে একটি প্রতিনিধিদল প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছে।	সৌদি আরবে স্কুল স্থাপনের বিষয়ে সর্বশেষ অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা) এবং বিএমইটি
২.৪ অডিট আপত্তি সংক্রান্ত	১) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে অডিট আপত্তি নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে।	মন্ত্রণালয়ের ১৩টি অডিট আপত্তির ব্রডশীট জবাব প্রস্তুতপূর্বক দূতাবাস অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। বিএমইটি: অডিট আপত্তি নিষ্পত্তির হার বৃদ্ধি করার নিমিত্ত ৬৭ টি অডিট আপত্তির মধ্যে ৩২টি নিষ্পত্তির লক্ষ্যে গত ১৫/১১/২০১৭খ্রিঃ তারিখে একটি দ্বিপাক্ষিক সভা অনুষ্ঠিত হয়েছে। আগামী ফেব্রুয়ারি,২০১৮ মাসে আরও একটি দ্বিপাক্ষিক সভা আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ৬৬ টি অডিট আপত্তির মধ্যে ৪৪ টি নিষ্পত্তি হয়েছে অর্থাৎ নিষ্পত্তির হার ৬৬.৬৬%। অবশিষ্ট ২২ টি আপত্তির বিষয়ে ২৭/১১/২০১৭ তারিখে ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে। বোয়েসেলঃ বোয়েসেলের ১২ টি অডিট আপত্তির ব্রডশীট জবাব প্রেরণ করা হয়েছে। অনিষ্পন্ন আছে ৪৪টি।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে অডিট আপত্তি নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে।	যুগ্মসচিব (বাজেট অধিশাখা) ও দপ্তর/সংস্থা (সকল)
২.৫ অনিষ্পন্ন বিষয়	১। মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার মধ্যে বিদ্যমান অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তির লক্ষ্যে পারস্পরিক যোগাযোগ আরও বৃদ্ধি করতে হবে।	সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুসরণে সকল অনিষ্পন্ন বিষয় নিষ্পত্তির উপর সভায় গুরুত্বারোপ করা হয়।	সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এ বর্ণিত নিয়মাবলী অনুসরণ করে এবং পারস্পারিক যোগাযোগ বৃদ্ধির মাধ্যমে অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তি করতে হবে।	মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা (সকল)

দপ্তর/সংস্থা :

৩. জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) :

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
৩.১ চলমান কার্যক্রম সংক্রান্ত	গামকার সাথে বিএমইটির সভার সর্বশেষ অবস্থা পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	• গত ২৩/১০/২০১৭ তারিখে গামকা'র সাথে বিএমইটির সম্মেলন কক্ষে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় কুয়েতগামী কর্মীদের মেডিকেল চেকআপ, গামকা'র নিয়ন্ত্রণ, গামকা'র বাইরে অন্য কোন প্রতিষ্ঠানের মাধ্যমে কর্মীদের মেডিকেল চেকআপ ইত্যাদি বিষয়ে আলোচনা হয়। • গামকার মাধ্যমে মেডিকেল চেকআপকৃত কর্মীরাও যেন কুয়েত যেতে পারে, সে বিষয়েও গামকা'র প্রতিনিধগণের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। এটি বাস্তবায়নকল্পে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের নিমিত্ত বাংলাদেশস্থ গামকা'র প্রেসিডেন্ট ও সেক্রেটারিকে ভূমিকা রাখার জন্য অনুরোধ করা হয়। • মন্ত্রণালয়ের এনফোর্সমেন্ট ও মনিটরিং অধিশাখা হতে গামকার তালিকাভুক্ত মেডিকেল সেন্টারগুলোতে নিয়মিত অভিযান পরিচালনা করা হয়। সম্প্রতি বিদেশগামী একজন কর্মীর ভুল মেডিকেল চেকআপের অভিযোগের সত্যতা পাওয়ায় তাৎক্ষণিকভাবে মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে একটি মেডিকেল সেন্টারের ল্যাব টেকনিশিয়ানসহ ৩ জনকে ১৫ দিন করে কারাদন্ডসহ অর্থদন্ড দেয়া হয়েছে।	১)মেডিকেল সেন্টারগুলোর অনিয়ম রোধে প্রতিটি মেডিকেল সেন্টারে ভিজিলেন্স টাস্কফোর্সের পক্ষ থেকে অভিযোগ বক্স স্থাপন করা যায় কিনা সে বিষয়ে এনফোর্সমেন্ট ও মনিটরিং অনুবিভাগ মতামত প্রদান করবে। ২) বিএমইটির আওতাধীন দপ্তরগুলোতে মনিটরিং জোরদার করতে হবে।	যুগ্ম সচিব (এনফোর্সমেন্ট ও মনিটরিং অধিশাখা) ২) মহাপরিচালক, বিএমইটি

৪. ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড :

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
৪.১ চলমান কার্যক্রম সংক্রান্ত	হট লাইনে প্রাপ্ত অভিযোগ/সমস্যা সমাধানে তৎপর থাকতে হবে।	বিদেশগামী ও প্রবাসী কর্মীদের সমস্যা সমাধানে সহযোগিতার লক্ষ্যে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের তত্ত্বাবধানে গত ১৭ ডিসেম্বর ২০১৭ তারিখে হট লাইন (+৮৮ ০১৭৮৪ ৩৩৩ ৩৩৩, +৮৮ ০১৭৯৪ ৩৩৩ ৩৩৩ ও +৮৮ ০২-৯৩৩৪৮৮৮) চালু করা হয়েছে।ইতোমধ্যে উক্ত কল সেন্টারের মাধ্যমে ২৯৫টি কল গ্রহণ করা হয়। এর মধ্যে ২০০টি সমস্যা সমাধান করা হয়েছে।গ্রহণকৃত কলের মধ্যে আর্থিক অনুদান, লাশ আনয়ন, ক্ষতিপূরণ, শিক্ষাবৃত্তি, দেশে-বিদেশে কর্মী ও তাদের পরিবারের সমস্যা এবং তথ্য সংক্রান্ত কল বেশি । কল্যাণ বোর্ড বর্তমানে একটি সফটওয়্যার তৈরি করছে যার মাধ্যমে হট লাইনে প্রাপ্ত অভিযোগ দ্রুত সংশ্লিষ্ট দূতাবাসে প্রেরণ করা সম্ভব হবে। ILO সম্প্রতি সৌদি আরব, দুবাই প্রভৃতি দেশে এধরণের হটলাইন চালু করার প্রস্তাব উপস্থাপন করেছে। ILO এর প্রকল্পের মেয়াদ শেষে কল্যাণ	১। ILO কর্তৃক বিদেশে স্থাপিত হটলাইনের মেয়াদ শেষে কল্যাণ বোর্ড কর্তৃক সেগুলো পরিচালনার সক্ষমতার বিষয়ে মহাপরিচালক,ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর মতামত গ্রহণ করতে হবে।	মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
		বোর্ড এসব হটলাইনের দায়িত্ব পালন করতে সক্ষম কিনা সে বিষয়ে কল্যাণ বোর্ডের মতামত নেয়া প্রয়োজন।		

৫. বোয়েসেল :

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
	২	৩	৪	৫
.১ বোয়েসেলের কার্যক্রম	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৭-১৮ এর লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত কার্যক্রম আরও জোরদার করতে হবে।	বোয়েসেল থেকে ডিসেম্বর, ২০১৭ মাসে জর্ডানে ৭৪৫ জন ও দক্ষিণ কোরিয়ায় ৩৯৬ জন কর্মী বিদেশ গমন করেছে। এছাড়া নতুন নতুন শ্রমবাজার অনুসন্ধান ও শূন্যপদ পূরণের লক্ষ্যে এ সংস্থার কার্যক্রম চলমান রয়েছে।	১। বিদেশে কর্মী প্রেরণের ক্ষেত্রে নতুন নতুন শ্রমবাজার অনুসন্ধানে আরও তৎপর হতে হবে।	ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল

৬. প্রবাসী কল্যাণ ব্যাংক:

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
৬.১. প্রবাসী কল্যাণ ব্যাংকের কার্যক্রম	প্রবাসী কল্যাণ ব্যাংককে বাণিজ্যিক ব্যাংকে রূপান্তরের লক্ষ্যে গৃহীত কার্যক্রমের অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	প্রবাসী কল্যাণ ব্যাংককে বাণিজ্যিক ব্যাংকে রূপান্তরের কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে আছে। বিগত ১৪.০৩.২০১৭ তারিখে মাননীয় অর্থমন্ত্রীর সভাপতিত্বে আন্তঃমন্ত্রণালয়ের সভায় প্রবাসী কল্যাণ ব্যাংককে তফসিলি ব্যাংকে রূপান্তর এবং পরিশোধিত মূলধন বাবদ ২৫০ (দুইশত পঞ্চাশ) কোটি টাকা অর্থ বিভাগ কর্তৃক এবং ৫০ (পঞ্চাশ) কোটি টাকা ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড কর্তৃক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। সেই মোতাবেক ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড থেকে গত ১৬.০৪.২০১৭ তারিখে ৫০ (পঞ্চাশ) কোটি টাকা প্রদান করা হয়েছে। অবশিষ্ট ২৫০ কোটি টাকার মধ্যে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের হিস্যা বৃদ্ধির বিষয়ে ভারপ্রাপ্ত সচিব, অর্থ বিভাগের সভাপতিত্বে গত ০৮.১১.২০১৭ তারিখে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক অতিরিক্ত পরিশোধিত মূলধন ৩০০ (তিনশত) কোটি টাকার ৫% হিসেবে ১৫ (পনের) কোটি টাকা অর্থ মন্ত্রণালয় থেকে ছাড় করা হয়েছে। গত ১৪ জানুয়ারি, ২০১৮ তারিখে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর সভায় অবশিষ্ট অর্থ পরিশোধের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।	১। প্রবাসী কল্যাণ ব্যাংককে বাণিজ্যিক ব্যাংকে রূপান্তরের লক্ষ্যে প্রাক প্রস্তুতিমূলক কার্যাদি সম্পন্ন করতে হবে।	ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক

২

৭. বিবিধ :

৭.১। ই-ফাইলিং, APA, শুদ্ধাচার, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬, ৭ম পঞ্চ বার্ষিকী পরিকল্পনাসহ আন্তর্জাতিক ও আঞ্চলিক সংগঠনে এ মন্ত্রণালয়ের কার্যক্রম একটি ছক আকারে উপস্থাপন করা হলো:

আলোচ্য বিষয়	বিগত সভার সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি	গৃহীত সিদ্ধান্ত
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬ **ফোকাল পয়েন্ট:** অতিরিক্ত সচিব (গবেষণা, আইন ও নীতিমালা)	বিএমইটিকে এ নীতি এবং খসড়া কর্মপরিকল্পনার বিষয়ে মতামত প্রাপ্তির জন্য দ্রুত একটি অংশীজন সেমিনার আয়োজনের উদ্যোগ নিতে হবে	বিএমইটিঃ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬ এবং খসড়া কর্মপরিকল্পনার বিষয়ে মতামত প্রাপ্তির জন্য তারিখ নির্ধারণপূর্বক একটি অংশীজনের সভা আয়োজন করা হবে।	বিএমইটি দ্রুততম সময়ে অংশীজনের সভা আহবান করবে।
IPoA ও SDG **ফোকাল পয়েন্ট:** যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা)	IPoA ও SDG সংক্রান্ত বিষয়ে এ মন্ত্রণালয়ের গৃহীত কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	IPoA এর ৮টি থিমেটিক এরিয়ার মধ্যে Social Development ও Remittance এর ক্ষেত্রে এ মন্ত্রণালয়ের সম্পৃক্ততা রয়েছে। ইতোমধ্যে এ বিষয়ের উপর মন্ত্রণালয়ের input প্রেরণ করা হয়েছে।	IPoA ও SDG সংক্রান্ত বিষয়ে এ মন্ত্রণালয়ের গৃহীত কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।
আরটিআই সংক্রান্ত তথ্য প্রদান জনাব রাবেয়া বসরী, সিনিয়র সহকারী সচিব (মনিটরিং শাখা)	তথ্য অধিকার সংক্রান্ত কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে।	তথ্য অধিকার আইন, ২০০৯ অনুসারে এ পর্যন্ত ২জন ব্যক্তিকে তথ্য সরবরাহ করা হয়েছে।	তথ্য অধিকার সংক্রান্ত কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে।
নারী ও শিশু উন্নয়ন বাস্তবায়ন ও মূল্যায়ন কমিটি **ফোকাল পয়েন্ট:** উপসচিব (কল্যাণ)	ক) সংশ্লিষ্ট কমিটির কার্যক্রম প্রতি সভায় অবহিত করতে হবে।	• গত ৬/১২/২০১৭ তারিখ মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয় এর উপস্থিতিতে মন্ত্রণালয়ের প্রবেশমুখে নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে একটি অভিযোগ বক্স স্থাপন করা হয়েছে। উক্ত অভিযোগ বক্সের মাধ্যমে প্রাপ্ত অভিযোগ যথাযথভাবে নিষ্পত্তি করতে হবে। • ডে-কেয়ার সেন্টার এ ০১ জানুয়ারি ২০১৮ হতে শিশুদের ভর্তি কার্যক্রম শুরু হয়েছে এবং সার্বক্ষণিক তদারকি করা হয়। একজন ডে-কেয়ার সেন্টার সহায়ক নিয়োগ দেয়া হয়েছে।	ক) অভিযোগ বক্সের মাধ্যমে প্রাপ্ত অভিযোগ ব্যবস্থাপনা ও ডে-কেয়ার সেন্টার এর আপডেট প্রতি সভায় অবহিত করতে হবে।

কলম্বো প্রসেস **ফোকাল পয়েন্ট:** উপসচিব (কর্মসংস্থান-২ শাখা)	কলম্বো প্রসেস বিষয়ে গৃহীত সর্বশেষ কার্যক্রম সমন্বয় সভায় অবহিত করতে হবে।	কলম্বো প্রসেস সংক্রান্ত কার্যক্রম চলমান আছে।	কলম্বো প্রসেস বিষয়ে গৃহীত সর্বশেষ কার্যক্রম সমন্বয় সভায় অবহিত করতে হবে।
আবুধাবী ডায়ালগ **ফোকাল পয়েন্ট:** উপপ্রধান (পরিকল্পনা শাখা)	আবুধাবী ডায়ালগের গুরুত্ব বিবেচনায় এ মন্ত্রণালয়ের সক্রিয় ভূমিকা নিশ্চিত করতে হবে।	আবুধাবী ডায়ালগ মূলত কলম্বো প্রসেসের ১২টি সদস্য দেশ ও কর্মী গ্রহণকারী ০৭টি দেশের সমন্বয়ে গঠিত একটি সংস্থা। এ বিষয়ে কার্যক্রম চলমান আছে।	আবুধাবী ডায়ালগের গুরুত্ব বিবেচনায় এ মন্ত্রণালয়ের সক্রিয় ভূমিকা নিশ্চিত করতে হবে।
দক্ষিণ-দক্ষিণ সহযোগিতা সম্প্রসারণ বিষয়ক **ফোকাল পয়েন্ট:** যুগ্মসচিব (প্রশিক্ষণ)	দক্ষিণ-দক্ষিণ সহযোগিতা সম্প্রসারণ বিষয়ক কার্যক্রমে এ মন্ত্রণালয়ের সম্পৃক্ততা থাকলে তা দ্রুত সম্পাদন করতে হবে।	এটি মূলত উন্নয়নশীল দেশের সাথে উন্নত দেশসমূহের একটি আয়োজন। ERD এ বিষয়টি সমন্বয় করে থাকে।	দক্ষিণ-দক্ষিণ সহযোগিতা সম্প্রসারণ বিষয়ক কার্যক্রমে এ মন্ত্রণালয়ের সম্পৃক্ততা থাকলে তা দ্রুত সম্পাদন করতে হবে।
NSSS **ফোকাল পয়েন্ট:** উপসচিব (কল্যাণ)	NSSS সংক্রান্ত বিষয়ে সর্বশেষ অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	মন্ত্রিপরিষদ বিভাগের কেন্দ্রীয় কমিটি শীঘ্রই এ বিষয়ে সভা আহ্বান করবে। এ মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাবিত নিরাপত্তা কর্মসূচীমূলক প্রকল্প কেন্দ্রীয় কমিটিতে গৃহীত হয়েছে।	NSSS সংক্রান্ত বিষয়ে সর্বশেষ অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।
Budapest Process **ফোকাল পয়েন্ট:** উপসচিব (অভিবাসী ও দক্ষতা উন্নয়ন তহবিল শাখা)	বুদাপেস্ট প্রসেসের কার্যক্রমে এ মন্ত্রণালয়ের সক্রিয় ভূমিকা নিশ্চিত করতে হবে।	২০১৮ সালে অনুষ্ঠিতব্য Global Compact বাস্তবায়নে বুদাপেস্ট প্রসেসসহ সকল আন্তর্জাতিক ও আঞ্চলিক ফোরামসমূহ কাজ করছে। বুদাপেস্ট প্রসেসে বাংলাদেশ অবজারভার দেশ হিসেবে অংশগ্রহণ করে থাকে। এ সংক্রান্ত কার্যক্রম চলমান আছে।	বুদাপেস্ট প্রসেসের কার্যক্রমে এ মন্ত্রণালয়ের সক্রিয় ভূমিকা নিশ্চিত করতে হবে।
GFMD **ফোকাল পয়েন্ট:** উপসচিব (কর্মসংস্থান-২ শাখা)	জিএফএমডির কার্যক্রমে কার্যকর ভূমিকা রাখতে হবে।	প্রতি বছর জিএফএমডি সম্মেলন অনুষ্ঠিত হয়। ২০১৬ সালে ঢাকায় অনুষ্ঠিত নবম সম্মেলনে বাংলাদেশ হোস্ট কান্ট্রি হিসেবে গুরুদায়িত্ব পালন করেছে। মরক্কো ও জার্মানিকে আগামী ২বছর এ সম্মেলন আয়োজনের দায়িত্ব প্রদান করা হয়েছে।	জিএফএমডির কার্যক্রমে কার্যকর ভূমিকা রাখতে হবে।
Global Compact	Global Compact সহ সকল গুরুত্বপূর্ণ প্রসেসের কার্যক্রম সুচারুভাবে সম্পন্ন করার লক্ষ্যে মন্ত্রণালয়ের একাধিক কর্মকর্তার সমন্বয়ে ফোরামভিত্তিক টীম গঠন করতে হবে।	বিভিন্ন গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক প্রসেসে দায়িত্ব পালনের লক্ষ্যে মন্ত্রণালয়ে এখনও কোনো ফোরামভিত্তিক টীম গঠন করা হয়নি। Global Compact বিষয়ে কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে অভিবাসী কল্যাণ অনুবিভাগের প্রধানকে আহবায়ক করে একটি কমিটি গঠন করা প্রয়োজন।	১। অতিরিক্ত সচিব (অভিবাসী কল্যাণ) অনুবিভাগকে আহবায়ক করে Global Compact বিষয়ক একটি কমিটি গঠন করতে হবে।

পরিশেষে চেয়ারপার্সন বলেন, মন্ত্রণালয়ের শৃঙ্খলা এবং সুষ্ঠু কর্ম পরিবেশ বজায় রাখার স্বার্থে সকল কর্মকর্তা/কর্মচারীকে আরও আন্তরিক ও সচেতনভাবে কাজ করতে হবে। সর্বোপরি, বাংলা এবং ইংরেজি শব্দের সঠিক উচ্চারণসহ শুদ্ধ বানান লেখার বিষয়ে সচেষ্ট থাকার জন্য চেয়ারপার্সন সকলকে আহ্বান জানান।

সভায় আর কোনও আলোচ্যসূচি না থাকায় চেয়ারপার্সন উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. নমিতা হালদার এনডিসি)
ভারপ্রাপ্ত সচিব
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়